তারিখ ... 03 OCT 2016 ...
পৃষ্ঠা ২৯ ... কলাম ... ৪ ...

কালের কণ্ঠ

# তোলারাম কলেজে নবীনবরণ

নারায়ণগঞ্জ প্রতিনিধি ▷

নারায়ণগঞ্জের সরকারি তোলারাম কলেজে নবীনবরণ অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার সকাল থেকে বিকেল পর্যন্ত কলেজ প্রাঙ্গণে নতুন শিক্ষার্থীদের বরণ করা হয়।

এতে ব্যান্ড 'শিরোনামহীন' ও বাংলাদেশ আইডল শিল্পী বৃষ্টির পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন ছিল। অনুষ্ঠানে অতিথি ছিলেন নারায়ণগঞ্জ মহিলা সংস্থার সভাপতি সালমা ওসমান লিপি, উপাধ্যক্ষ মো. বদরুল আলম, ঘাতক-দালাল নির্মূল কমিটির সভাপতি চন্দন শীল, জেলা যুবলীগের সাধারণ সম্পাদক ও কলেজের সাবেক ভিপি আবু হাসনাত শহীদ মোহাম্মদ বাদল, কলেজের সাবেক জিএস জাকিরুল আলম হেলাল, মহানগর আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক শাহ নিজাম, জেলা ছাত্রলীগের সভাপতি সাফায়েত আলম সানি, সাধারণ সম্পাদক মিজানুর রহমান সুজন, জেলা মহিলা লীগের সভানেত্রী প্রফেসর শিরীন আক্তার, জেলা ছাত্রলীগের সহসভাপতি মিনহাজুল ইসলাম রিয়াদ, নারায়ণগঞ্জ মহানগর ছাত্রলীগের আহ্বায়ক হাবিবুর রহমান রিয়াদ প্রমুখ। নবীনবরণ অনুষ্ঠানের সভাপতি ছিলেন কলেজের অধ্যক্ষ প্রফেসর মধুমিতা চক্রবর্তী।